



বেঙ্গিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

ষোলশহর শাখা, চট্টগ্রাম

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২(৩) ধারা অনুযায়ী

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লি., ষোলশহর শাখা, চট্টগ্রাম এর ঋণগ্রহীতা মোঃ হুমায়ুন কবির পাটোয়ারী, পিতাঃ মৃত মোঃ শাহাবউদ্দীন, মাতাঃ মিসেস সুফিয়া বেগম, বর্তমান ঠিকানাঃ প্লট নং- ০১, গ্রেড- এইচ, ব্লক-বি, কৈবল্যধাম হাউজিং এস্টেট, পোঃ- ফিরোজশাহ, থানাঃ- আকবর শাহ, চট্টগ্রাম। স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ কমলপুর, ডাকঃ আলগী দুর্গাপুর, থানাঃ হাইমচর, চাঁদপুর এর গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদস্থিত ভবন রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজারনামা দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৬/০৭/২০২৫ ইং অনুযায়ী গ্রাহকের মোট দায় ৩৬,৪৯,৩১৬.২৯ (ছত্রিশ লক্ষ ঊনপঞ্চাশ হাজার তিনশত ষোল টাকা ঊনত্রিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদস্থিত স্থাপনা যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

“শর্তাবলী”

- ১) দরপত্র আগামী ২০/০৮/২০২৫ ইং ২.৩০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লি., ষোলশহর শাখা, চট্টগ্রামে রক্ষিত টেন্ডার বাঞ্ছা আগ্রহী ক্রেতাগণকে সাদাকাগজে/প্যাডে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর উল্লেখ পূর্বক প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া স্বাক্ষরযুক্ত সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া সরাসরি জমা প্রদান বা রেজিস্ট্রিকৃত ডাকযোগে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দাখিল করিতে হইবে (রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখ ও সময়ের মধ্যে না পৌছাইলে তাহা গ্রহণযোগ্য হইবে না) এবং ঐদিন বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হইবে।
- ২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পেমেণ্ট-অর্ডারের মাধ্যমে বেসিক ব্যাংক লিমিটেড, ষোলশহর শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হইলে পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় টাকা পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।
- ৪) উপরোক্ত ৩ নং অনুচ্ছেদের শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহৃত হইবার পরে ৩ নং শর্তে নির্ধারিত অনুরূপ সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- ৫) আগ্রহী ক্রেতাগণ নিম্নোক্ত তফসিলের সম্পূর্ণ সম্পত্তি ক্রয়ের জন্য আবেদন করতে পারবেন।
- ৬) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে বেসিক ব্যাংক লি., ষোলশহর শাখা, চট্টগ্রাম তাহা গ্রহণে বাধ্য থাকিবেনা।
- ৭) সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।
- ৮) সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া ও ব্যয়ভার নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।
- ৯) দখল হস্তান্তরের সময় ব্যাংকে রক্ষিত বন্ধক দাতাগণের সম্পত্তির মালিকানা সম্পর্কিত যাবতীয় কাগজাদি হস্তান্তর করা হইবে। ইহার অতিরিক্ত কোন কাগজাদি দরকার হইলে ক্রেতাকে নিজ দায়িত্বে সংগ্রহ করিতে হইবে।
- ১০) তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমি উন্নয়নকর ইত্যাদি সহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।
- ১১) বেসিক ব্যাংক লি., ষোলশহর শাখা, চট্টগ্রাম কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই সর্বোচ্চ/গৃহীত বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১২) দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথাসময়ে ফেরত দেওয়া হইবে। বাতিল বা অগৃহীত দরপত্রের জামানতের জন্য কোন ক্ষতিপূরণ/সুদ প্রদান করা হইবে না।
- ১৩) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য হইবে।
- ১৪) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে শাখায় সরাসরি যোগাযোগ করতে পারবেন।

বন্ধকী সম্পত্তির তফসিল

১.৯৮ শতক বা ৮০ বর্গমিটার জমি সঙ্গে ভবন, মৌজা-উত্তর পাহাড়তলি, জে. এল. নং-০৪ (বি.এস. অনুসারে), রেজিস্ট্রিকৃত লীজ দলিল নং- ২৯৮৭ তারিখঃ ০১.০৯.২০১৩ ইং, প্লট নং- ০১, গ্রেড- এইচ, ব্লক- বি, কৈবল্যধাম হাউজিং এস্টেট, থানা- আকবরশাহ (পূর্বে পাহাড়তলী), চট্টগ্রাম, বি.এস. নামজারী খতিয়ান নং- ৩৩৮২, বি.এস. দাগ নং- ৮৯৯, মালিক- মোঃ হুমায়ুন কবির পাটোয়ারী।

উপমহাব্যবস্থাপক এবং শাখা প্রধান, ষোলশহর শাখা, প্রসকভ ভবন (২য় তলা),

১১০, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম। মোবাইল: ০১৭১৪১৬৬৯৩৫।

প্রকাশ তারিখঃ ২২/০৭/২০২৫

১। দৈনিক যুগান্তর

২। পূর্বকোন